দৈনিক জনকণ্ঠ

35


তারিখ ... ... SEP. 0 1 1999
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ......


# রাজশাহী কলেজে ছাত্রলীগের ভাংচুর বোমাবাজি ॥ শিক্ষক লাঞ্ছিত ॥ ছাত্রদলের নিন্দা

রাজশাহী, ৩১ আগস্ট (সংবাদদাতা) ॥ রাজশাহী কলেজের একটি ম্যাগাজিনে সিটি মেয়র মিজানুর রহমান মিনুর বাণীকে কেন্দ্র করে ছাত্রলীগ (বা-অ) কর্মীরা কলেজের ব্যবস্থাপনা বিভাগে ব্যাপক ভাংচুর ও বোমাবাজি করেছে। সোমবারের এ ঘটনার সময় বিক্ষুব্ধ ছাত্রলীগ কর্মীরা কয়েকজন শিক্ষককেও লাঞ্ছিত করেছে। মঙ্গলবারও ছাত্রলীগকর্মীরা কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। মেয়রের বাণীকে কেন্দ্র করে কলেজ শাখা ছাত্রলীগের ভূমিকায় ছাত্রদল তীব্র নিন্দা জানিয়ে কলেজ ক্যাম্পাসে মিছিল করেছে। ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে।